

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২০, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

আদেশ

তারিখ, ২০ জুলাই ২০০০ ইং/৫ শ্রাবণ ১৪০৭ বাং

এস,আর,ও নং ২২৮-আইন/২০০০ ইং বিবিধ-৩/২০০০ (রাজ-৪)—যেহেতু সরকার জাতীয় সংসদ এর শূন্য আসন-১২৮, ঝালকাঠী-২ নির্বাচনী এলাকায় আগামী ৩১-৭-২০০০ ইং তারিখে অনুষ্ঠিতব্য উপ-নির্বাচনের সময় উক্ত নির্বাচনী এলাকার ভোটকেন্দ্রসমূহে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর জনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলিয়া মনে করে ;

সেহেতু সরকার Arms Act, 1878 (XI of 1878) এর section 17A এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে, আগামী ২৯-৭-২০০০ ইং তারিখ দিবাগত মধ্যরাত হইতে ১-৮-২০০০ ইং তারিখ রাত ২৩.৫৯ ঘটিকা পর্যন্ত লাইসেন্সধারী সকল অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল। যাহারা এই আদেশ লঙ্ঘন করিবেন তাহাদের বিরুদ্ধে উক্ত section 17A এর sub-section (2) তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৩২৩৫)

মূল্য : টাকা ১.০০

২। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা :-

- (ক) নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃঙ্খলা বাহিনীর সকল সদস্য ;
- (খ) বিভিন্ন সরকারী, আধা-সরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত সকল নিরাপত্তা প্রহরী ।

ব্যাখ্যা : এই আদেশে “শৃঙ্খলা বাহিনী” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২-তে সংজ্ঞায়িত শৃঙ্খলা বাহিনী ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ মতিউর রহমান
উপ-সচিব (রাজনৈতিক) ।